# এইচএসসি পরীক্ষা ২০১৭ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা- দ্বিতীয় পত্র — বিষয় কোড: ২ ৭ ৮

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট — সৃজনশীল প্রশ্ন — পূর্ণমান — ৬০

*[দ্রষ্টব্য :- দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। যে কোনো ছয়টি প্রশ্নের উত্তর দাও। প্রত্যেক প্রশ্নের মান ১০।]*

১.▶ জনাব সুমন একজন টেক্সটাইল ইঞ্জিনিয়ার। তিনি দুই বন্ধুকে নিয়ে সাভারে একটি টেক্সটাইল মিল স্থাপন করেন। নিজ ব্যবস্থাপনা পরিচালক (এমডি) হিসেবে নীতি নির্ধারণ, সিদ্ধান্ত গ্রহণ ও নির্দেশনা প্রদান সংক্রান্ত সকল দায়িত্ব পালন করেন। দুই বন্ধু পরিচালক হিসেবে উক্ত সিদ্ধান্ত ও নির্দেশনা বাস্তবায়নে সহায়তা করেন। এতে প্রতিষ্ঠানটি ভালোই চলছে।

ক. প্রশাসন কী? ১

খ. নির্দেশনার ঐক্য বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে জনাব সুমন ব্যবস্থাপনার কোন স্তরে অবস্থান করছেন?- ব্যাখ্যা করো। ৩

ঘ. সুমন ও তার বন্ধুদের মধ্যে কাজের ভিন্নতা আছে কী? তোমার মতামত দাও। ৪

২.▶ 'স্বপ্না বুটিক'- ঢাকার বেলী রোডের একটি পরিচিত পোশাকের দোকান। বেগম জোলেখা এ দোকানের মালিক। তিনি সারা বছর বিভিন্ন উৎসবকে কেন্দ্র করে বিভিন্ন ধরনের ফ্যাশন ও ডিজাইনের পোশাক তৈরি করেন। যেমন- ১লা ফাল্গুন, ১লা বৈশাখ, ঈদে, পূজা, বড়দিন ইত্যাদি। ফলে সারা বছর তার প্রচুর ক্রেতা থাকে। এতে ব্যবসায় তিনি বেশ সাফল্য লাভ করতে সমর্থ হন।

ক. সিদ্ধান্ত গ্রহণ কী? ১

খ. সিদ্ধান্ত গ্রহন প্রক্রিয়া বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে বেগম জোলেখা কোন ধরনের পরিকল্পনা নেন? বাখ্যা করো। ৩

ঘ. বেগম জোলেখা একজন সফল ব্যবসায়ী কেন? মতামত দাও। ৪

৩.▶ জনাব রাসেল একটি প্রতিষ্ঠানের উৎপাদন ব্যবস্থাপক। ঐ বিভাগে কর্মীগণ তার আদেশ, নির্দেশ মেনে চলে। কর্মীগণ তাদের কাজের জন্য জনাব রাসেলের কাছে জবাবদিহিতা করে। জনাব রাসেলও কর্মীদের সুযোগ-সুবিধার কথা সব সময় চিন্তা করেন। তাই যেকোনো সিদ্ধান্ত গ্রহন ও নিদের্শনা প্রদানের পূর্বে কর্মীদের সাথে আলাপ-আলোচনা করেন। সেকারণেই উৎপাদন বিভাগের উত্তরোত্তর উন্নতি হচ্ছে বলে কর্তৃপক্ষ মনে করেন।

ক. নিদের্শনা কী? ১

খ. লাগামহীন নেতৃত্ব বলতে কী বোঝ? ২

গ. আনুষ্ঠানিকতার ধরন বিবেচনায় জনাব রাসেল কোন ধরনের নেতৃত্ব দিচ্ছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে প্রতিষ্ঠানের কর্তৃপক্ষের মতামতের যৌক্তিকতা তুলে ধরে তোমার মন্তব্য দাও। ৪

৪.▶ একজন ব্যবস্থাপনা বিষয়ে শিক্ষক ক্লাসে বলছিলেন ব্যবস্থাপনার কাজ গুলো ধারবাহিকভাবে আবর্তিত হয়। এক্ষেত্রে ব্যবস্থাপনা চক্রের সর্বশেষে

Teachingbd.com

এমন একটি কাজ আছে যা অন্যসব কাজগুলোর সার্থকতা মূল্যায়ন করে। বিশেষ করে ব্যবস্থাপনার প্রথম কাজ পরিকল্পনার সাথে এর সম্পর্ক অত্যন্ত নিবিড়। শিক্ষক মহোদয় আরো বলেন এ কাজটি সম্পাদনে যথাযথ পদ্ধতির ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ। এক্ষেত্রে ভুল পদ্ধতি অনুসরণ করলে পরবর্তীতে তা নেতিবাচক প্রভাব ফেলে।

ক. নিয়ন্ত্রণ কী? ১

খ. PERT বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকে শিক্ষক ব্যবস্থাপনার কোন কাজটির কথা বলেছিলেন- ব্যাখ্যা করো। ৩

ঘ. 'এ কাজটি সম্পাদনের যথাযথ পদ্ধতির ব্যবহার অত্যন্ত গুরুত্বপুর্ণ'- শিক্ষকের এ উক্তির সাথে তুমি কী একমত? তোমার মতামতের পক্ষে যুক্তি দাও। ৪

৫. ▶জনাব রহিম তার প্লাস্টিক সামগ্রী উৎপাদনকারী প্রতিষ্ঠানের কিছু শ্রমিক-কর্মচারী নিয়োগ দানে ইচ্ছুক। তাছাড়া একজন সহকারি হিসাবরক্ষকের পদ খালি আছে। তিনি পত্রিকায় বিজ্ঞপ্তি দেয়ার সিদ্ধান্ত নেন। তার ম্যানেজার শুধু হিসাবরক্ষক সহকারি পদে বিজ্ঞাপন দিতে এবং কর্মচারী পদে পুরাতন কর্মীদের সাহায্য গ্রহণের পরামর্শ দেন।

ক. কর্মীসংস্থান কী? ১

খ. প্রশিক্ষণ বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের বর্ণিত প্রতিষ্ঠানের শ্রমিক-কর্মচারি নিয়োগে জনাব রহিম কোন উৎস ব্যবহার করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. এ পদ্ধতিতে কর্মী সংগ্রহ করা হলে প্রতিষ্ঠান কীভাবে উপকৃত হবে- তোমার মতামত দাও। ৪

৬. ▶জনাব আবিদ একটি প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা। উক্ত প্রতিষ্ঠানের ৪৫০ জন কর্মী কাজ করেন। কর্মীদের জন্য তিনি প্রথম দিকে ন্যায্য, মজুরি, বোনাস, চিকিৎসা ও বাসস্থানে সুবিধা, নিরাপত্তা ও সুন্দর কর্ম পরিবেশের ব্যবস্থা করেন। পরবর্তীকালে কিছু কর্মীর দায়িত্ব অবহেলার কারণে তাকে তিরস্কার, শাস্তি প্রদান ও পদাবনতির মতো কঠোর ব্যবস্থাও গ্রহণ করতে হয়। বর্তমানে জনাব আবিদের পরিচালনায় প্রতিষ্ঠানটি ভালোই চলছে।

ক. প্রেষণা কী? ১

খ. প্রেষণা চক্র বলতে কী বোঝায়? ২

গ. জনাব আবিদ কর্মীদের প্রথম দিকে কী ধরনের প্রেষণা পদ্ধতি ব্যবহার করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. জনাব আবিদ পরবতীকালে যে প্রেষণা পদ্ধতি ব্যবহার করেছেন- তার যৌক্তিকতা তুলে ধরো। ৪

http://teachingbd.com

৭. ▶ নাহার ফুড লিমিটেড একটি শুকনা খাবার ও জুস উৎপাদনকারী প্রতিষ্ঠান। এ প্রতিষ্ঠানে শতাধিক কর্মচারী ও কর্মকর্তা কাজ করেন। জনাব কবির সম্প্রতি এ প্রতিষ্ঠানে ম্যানেজার হিসেবে যোগদান করেন। তিনি যোগদানের পর প্রতিষ্ঠানের লক্ষ্যানুযায়ী কাজগুলোকে বিভিন্ন বিভাগে ভাগ করে একক জন নির্বাহীর উপর বিভাগীয় দায়িত্ব অর্পন করেন। এতে ব্যবস্থাপকের কাজ যেমন সহজ হলো তেমনি অন্যরাও সকলের সাথে মিলে মিশে কাজ করতে সক্ষম হচ্ছে।

ক. সংগঠন কী? ১

খ. ম্যাট্রিক্স সংগঠন বলতে কী বোঝ? ২

গ. নতুন ম্যানেজার জনাব কবির নাহার ফুড লি.-এর পরিচালনায় সংগঠন বিন্যাসে কোন নীতি গ্রহণ করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. নাহার ফুড লি: এর বর্তমান সংগঠন কাঠামো সঠিক কিনা? তোমার যুক্তি দাও। ৪

৮. ▶ কর্ণফুলি ইন্ডাস্ট্রিজ লি: এর বর্তমান উৎপাদন ক্ষমতা ৪০ হাজার ইউনিট। কোম্পানির পরিচালক মন্ডলী ২০১২ সালের এক সাধারণ সভায় ২০১৭ সালের মধ্যে উৎপাদন ক্ষমতা ১ লক্ষ ইউনিটে উন্নীত করার সিদ্ধান্ত গ্রহণ করেন। ধীরে ধীরে কর্মী নিয়োগের মাধ্যমে প্রতিষ্ঠান লক্ষ্য অর্জনে এগিয়ে যাচ্ছে। কিন্তু সম্প্রতি সহকারি ব্যবস্থাপকদের পদোন্নতি নিয়ে প্রতিষ্ঠানে অসন্তোষ সৃষ্টি হয়। অপেক্ষাকৃত কম বয়সের লোকেরা যোগ্যতার ভিত্তিতে এবং জ্যেষ্ঠরা জ্যেষ্ঠত্বের ভিত্তিতে পদোন্নতির জন্য চাপ দিচ্ছে। এমতাবস্থায় কর্তৃপক্ষ বিশেষ চিন্তিত।

ক. বাজেট কী? ১

খ. পরিকল্পনার নমনীয়তা বলতে কী বোঝ? ২

গ. উৎপাদন ক্ষমতা ১ লক্ষ ইউনিটে উন্নীত করার জন্য গৃহীত পরিকল্পনাটি মেয়াদের ভিত্তিতে কোন ধরনের? ব্যাখ্যা করো। ৩

ঘ. পদোন্নতির জন্য কোন পদ্ধতি উত্তম? তোমার মতামত দাও। ৪

৯. ▶ আনিছ বি.এ.পাশ করে চাকরির কথা চিন্তা না করে ব্যবসায় শুরু করেন। ব্যবসায় কার্য পরিচালনার কিছুদিন পর হঠাৎ সড়ক দুর্ঘটনায় সে আহত হয়। ফলে অফিসে যেতে পারছেন না। এ অবস্থায় আনিছ বাসায় কিছু প্রযুক্তি স্থাপন করে বাসায় বসেই অফিসের কার্যাদি সম্পন্ন করতে থাকেন। তিনি সুস্থ্য হওয়ার পরও বাসায় স্থাপিত প্রযুক্তির সাহায্যে বাসা ও অফিস উভয় স্থানে বসেই অফিসের কার্য সম্পাদন করতে সমর্থন হয়েছেন।

ক. যোগাযোগ প্রযুক্তি কী? ১

খ. তথ্য প্রযুক্তি বলতে কী বোঝায়? ২

গ. আনিছ তার বাসায় কোন প্রযুক্তি স্থাপন করেছেন? ব্যাখ্যা করো। ৩

ঘ. আনিছ বাসায় স্থাপিত প্রযুক্তি বর্তমানে অধিকাংশ ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যবহৃত হচ্ছে- তুমি কী একমত, যুক্তি দাও। ৪

http://teachingbd.com

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড: ২৭৮

*[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]*

**১. 'ব্যবস্থাপনা সর্বজনীন' কে বলেছেন?**
ক) প্লেটো খ) এরিস্টটল
গ) সক্রেটিস ঘ) বুলো

**২. ব্যবস্থাপনা কী?**
ক) যেকোনোভাবে কাজ আদায় করা
খ) বস্তুগত সম্পদের যথার্থ ব্যবহার করা
গ) মানুষকে কৌশলের সাথে পরিচালনা করা
ঘ) মানবীয় সম্পদের উন্নয়ন সাধন করা

**৩. ব্যবস্থাপনার উন্নয়নের ইতিহাসে সবচেয়ে প্রাচীন সভ্যতা বিবেচিত হয় কোনটি?**
ক) চৈনিক সভ্যতা খ) মিশরীয় সভ্যতা
গ) ব্যবিলনীয় সভ্যতা ঘ) গ্রিক সভ্যতা

**৪. উচ্চ পর্যায়ের ব্যবস্থাপনার মধ্যে পড়ে—**
i. বিভাগীয় ব্যবস্থাপক ii. ব্যবস্থাপক পরিচালক
iii. পরিচালনা পর্ষদ
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ৫ ও ৬ নং প্রশ্নের উত্তর দাও।**
মিনা দ্বাদশ শ্রেণির ছাত্রীর সে রাতে ক্লাসের পড়া শেষ করে পরের দিনের কর্মসূচি ডায়রিতে লিখে রাখে। রুটিন মতো সে কলেজে যায়। মনোযোগ দিয়ে শিক্ষকের পড়া শোনে বিকালে বাড়ি ফিরেও পূর্বের রুটিন অনুসারে চলে। এভাবে কাসফিয়া সময় মতো প্রতিদিনের পড়া শেষ করে।

**৫. উদ্দীপকের কাসফিয়ার মধ্যে ব্যবস্থাপনার কোন কার্যাবলির প্রতিফলন ঘটেছে?**
ক) পরিকল্পনা খ) নেতৃত্বের
গ) নির্দেশনার ঘ) প্রেষণার

**৬. ডায়রিতে লেখা সময় অনুযায়ী কার্য সম্পাদন দ্বারা কাসফিয়া—**
i. সুনির্দিষ্ট লক্ষ্য অর্জনে সক্ষম হবে
ii. দ্রুত পরীক্ষা দিতে পারবে
iii. মানসিকভাবে স্বাচ্ছন্দ্যে থাকতে পারবে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**৭. ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি কোনটি?**
ক) সংগঠন খ) পরিকল্পনা
গ) নেতৃত্ব ঘ) নিয়ন্ত্রণ

**৮. সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ার প্রথম পদক্ষেপ কোনটি?**
ক) তথ্য সংগ্রহ খ) সমস্যা চিহ্নিতকরণ
গ) বিকল্প নির্ধারণ ঘ) উদ্দেশ্য নির্ধারণ

**৯. পরিকল্পনা হলো—**
i. ব্যবস্থাপনার প্রথম কাজ
ii. ব্যবস্থাপনার অন্যান্য কাজের ভিত্তি
iii. ব্যবস্থাপনার মূলনীতি
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii

**১০. সংগঠিতকরণ কী?**
ক) প্রয়োজনীয় উপকরণাদি নির্দিষ্টকরণ
খ) উপকরণাদির যথার্থতা যাচাই
গ) প্রয়োজনীয় উপকরণ সংগ্রহ ও সমন্বয়
ঘ) প্রাতিষ্ঠানিক কার্য সুষ্ঠুভাবে সম্পাদন

**১১. সংগঠন কাঠামো দেখে নিচের কোনটি সম্পর্কে জানা যায়?**
ক) নেতৃত্বের প্রকৃতি খ) নির্দেশনার ধরন
গ) প্রতিষ্ঠানের সামর্থ্য ঘ) কর্তৃত্ব প্রবাহ রেখা

**১২. সরলরৈখিক সংগঠনের সুবিধা হলো—**
i. দ্রুত সিদ্ধান্ত গ্রহণ ও বাস্তবায়ন
ii. বিশেষায়নের সুবিধা লাভ
iii. শৃঙ্খলা প্রতিষ্ঠা
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ১৩ ও ১৪ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. সেলিম সাহেবকে কোম্পানির নির্মীয়মান একটা নতুন প্রজেক্টের দায়িত্ব দেওয়া হয়েছে। তিনি প্রতিষ্ঠানের কাজগুলোকে বিভিন্ন ভাগে ভাগ করে প্রত্যেক বিভাগের প্রধানকে দায়িত্ব ও কর্তৃত্ব বুঝিয়ে দিলেন। কাজ শুরু হলে কিছু সমস্যা লক্ষ্য করা যাচ্ছে।

**১৩. সংগঠন প্রক্রিয়ায় কোন কাজ না করায় মি. সেলিম সাহেবের প্রতিষ্ঠানের সমস্যা দেখা যাচ্ছে?**
ক) উপযুক্ত লোক নিয়োগ না করায়
খ) নির্বাহীদের প্রশিক্ষণ না দেওয়ায়
গ) প্রতিটা বিভাগের কাজ নির্দিষ্ট না করায়
ঘ) পারস্পরিক সম্পর্ক নির্ধারণ না করায়

**১৪. এক্ষেত্রে মি. সেলিম সাহেবকে যে সকল সমস্যা মোকাবেলা করতে হচ্ছে তা হলো—**
i. সমন্বিত কার্যক্রম বাধাগ্রস্ত হচ্ছে
ii. শৃঙ্খলা প্রতিষ্ঠায় সমস্যা হচ্ছে
iii. কর্মীরা কাজে ফাঁকি দিচ্ছে
**নিচের কোনটি সঠিক?**
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**১৫. দলবদ্ধ যে কোন কাজে কোন বিষয়টি অধিক গুরুত্বপূর্ণ?**
ক) আর্থিক সামর্থ্য খ) সঠিক নেতৃত্ব
গ) কর্মীদের যোগ্যতা ঘ) কর্মীদের মনোবল

**১৬. কোন ধরনের নেতাকে সাধারণত কর্মীরা অপছন্দ করে?**
ক) পিতৃসুলভ খ) স্বৈরাচারী
গ) কর্মকেন্দ্রিক ঘ) লাগামহীন/মুক্ত

**১৭. কোনটি নেতার কাজ নয়?**
ক) পরিকল্পনা প্রণয়ন খ) কর্মী নির্বাচন
গ) নির্দেশ দান ঘ) ফলাবর্তন

**১৮. বাংলাদেশে অধিকাংশ প্রতিষ্ঠানেই পরামর্শমূলক নির্দেশনা ব্যবহৃত না হওয়ার পিছনে বড় কারণ কোনটি?**
ক) ঊর্ধ্বতনদের প্রভুসুলভ মনোভাব
খ) কর্মীদের আগ্রহ অভাব
গ) বৃহদায়তন প্রতিষ্ঠানের অনুপস্থিতি
ঘ) আইনগত বাধ্য-বাধকতার অভাব

**১৯. একজন আদর্শ নেতর গুণাবলির অন্তর্ভুক্ত হলো—**
i. সাহস ও দৃঢ় মনোবল
ii. আত্মকেন্দ্রিক মানসিকতা
iii. উৎসাহ দানের ক্ষমতা
**নিচের কোনটি সঠিক?**
ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii

**উদ্দীপকটি পড়ো এবং ২০ ও ২১ নং প্রশ্নের উত্তর দাও।**
মি. রফিক নিজে সব সিদ্ধান্ত নিলেও প্রয়োজনে অন্যদের সাথে পরামর্শ করেন। কারও ভুলে রাগ করলেও ভুল শুধরে দিতে ও তাদের এগিয়ে নিতে সচেষ্ট থাকেন।

**২০. মি. রফিক সাহেবের নেতৃত্ব কোন ধরনের?**
ক) স্বৈরাচারী খ) গণতান্ত্রিক
গ) লাগামহীন ঘ) কর্মীকেন্দ্রিক

http://teachingbd.com

২১. মি. রফিকের নেতৃত্বে সন্তুষ্ট হওয়ার কারণ—
i. তার নেতৃত্বদানের যোগ্যতা রয়েছে
ii. অধঃস্তনদের উন্নয়নে তিনি সচেষ্ট
iii. তিনি কর্মীদের ভুল ধরেন না
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

২২. প্রেষণা দানের ক্ষেত্রে নিচের কোনটি প্রভাব সৃষ্টিকারী উপাদান?
ⓚ সন্তুষ্টি ⓛ অভিপ্রায়
ⓜ উদ্দীপক ⓝ মনোবল

২৩. মানুষের জৈবিক চাহিদা অন্তর্ভুক্ত নিচের কোনটি?
ⓚ সহকর্মীদের ভালোবাসা
ⓛ চাকরি স্থায়িত্ব
ⓜ বাসস্থান ⓝ পদমর্যাদা

২৪. দ্বি-উপাদান তত্ত্বের উদ্ভাবক কে?
ⓚ স্টেকি এ্যাডামস ⓛ ডগলাস ম্যাকগ্রেগর
ⓜ ফ্রেডারিক হার্জবার্গ ⓝ আব্রাহাম মাসলো

২৫. আমিনুল সরকারি কর্মকর্তা। তার বন্ধু বেসরকারি অফিসে অনেক বেশি বেতন পেলেও মি. আমিনুল তার চাকরিতেই সন্তুষ্ট। তার কার্য সন্তুষ্টির কারণ—
i. চাকরির নিরাপত্তা ii. ভবিষ্যৎ নিরাপত্তা ব্যবস্থা
iii. দ্রুত পদোন্নতির সুযোগ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
জনাব সাফকাত যুক্তরাজ্য থেকে চিকিৎসা বিদ্যায় উচ্চতর ডিগ্রি নিয়ে দেশে ফিরে চিকিৎসা পেশায় ব্যাপক সাফল্য পান। তিনি অল্প দিনের মধ্যে স্বনামধন্য চিকিৎসক হিসেবে প্রতিষ্ঠা ও ব্যাপক বিত্তের মলিক হন। তবুও তিনি নিজের মধ্যে এক ধরনের অপূর্ণতা খুঁজে পান। সম্প্রতি তিনি মায়ের নামে একটি হাসপাতাল স্থাপনের সিদ্ধান্ত নেন।

২৬. জনাব সাফকাতের ক্রমান্বয়ে বিত্ত ও সাফল্য লাভ প্রেষণার কোন তত্ত্বের মধ্যে পড়ে?
ⓚ চাহিদা সোপান তত্ত্ব ⓛ X ও Y তত্ত্ব
ⓜ দ্বি-উপাদান তত্ত্ব ⓝ Z তত্ত্ব

২৭. উদ্দীপকে বর্ণিত জনাব সাফকাতের হাসপাতাল স্থাপনের সিদ্ধান্তটি হচ্ছে—
ⓚ সামাজিক চাহিদা ⓛ নিরাপত্তার চাহিদা
ⓜ আত্মতৃপ্তির চাহিদা ⓝ আত্মপ্রতিষ্ঠার চাহিদা

২৮. যোগাযোগ হলো একাধিক পক্ষের মধ্যে—
ⓚ পারস্পরিক কথা বলা
ⓛ তথ্য বা ভাবের বিনিময় করা
ⓜ পরস্পরের মতামত গ্রহণ করা
ⓝ সমস্যা সমাধানে তথ্য বিনিময় করা

২৯. একই মর্যাদায় কর্মরত উৎপাদন ব্যবস্থাপক ও বিক্রয় ব্যবস্থাপকের মধ্যকার যোগাযোগ কোন ধরনের?
ⓚ সমান্তরাল ⓛ নিম্নগামী
ⓜ উর্ধ্বগামী ⓝ কৌণিক

৩০. একটা বহুজাতিক প্রতিষ্ঠানের বিভিন্ন দেশে অবস্থানকারী মুখ্য কর্মকর্তাদের একত্রে আলোচনায় সবচেয়ে গুরুত্বপূর্ণ যোগাযোগ প্রযুক্তি মাধ্যম কী হতে পারে?
ⓚ মাল্টি মিডিয়া ⓛ ইন্টারনেট
ⓜ অডিও কনফারেন্সিং ⓝ ভিডিও কনফারেন্সিং

৩১. যোগাযোগ কার্যাবলির মধ্যে পড়ে—
i. অবহিতকরণ ii. তথ্যের আদান-প্রদান
iii. উদ্বুদ্ধকরণ
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

৩২. ব্যবস্থাপনা প্রক্রিয়ায় নিয়ন্ত্রণের পূর্ববর্তী কাজকে কী বলে?
ⓚ সংগঠন ⓛ সমন্বয়
ⓜ প্রেষণা ⓝ নির্দেশনা

৩৩. একটা উৎপাদন প্রক্রিয়ায় কাজ চলছে। এক্ষেত্রে প্রতিটা পদ্ধতির কাজ নিরবচ্ছিন্নভাবে চালাতে নিচের কোন কাজটি অধিক গুরুত্বপূর্ণ?
ⓚ পরিকল্পনা ⓛ সংগঠন
ⓜ সমন্বয় ⓝ প্রেষণা

৩৪. ব্যবস্থাপনার প্রক্রিয়ায় সর্বশেষ কাজের নাম কী?
ⓚ পরিকল্পনা ⓛ নিয়ন্ত্রণ
ⓜ নেতৃত্বদান ⓝ কার্যফল পরিমাপ

৩৫. নিয়ন্ত্রণ প্রক্রিয়ার সর্বশেষ পদক্ষেপ কোনটি?
ⓚ আদর্শমান নির্ধারণ
ⓛ সংশোধনমূলক ব্যবস্থা গ্রহণ
ⓜ কার্যফল পরিমাপ
ⓝ বিচ্যুতির কারণ নির্ণয়

৩৬. বাজেট নিচের কোনটি?
ⓚ পরিকল্পনার সংখ্যাত্মক প্রকাশ
ⓛ পরিকল্পনার আর্থিক প্রকাশ
ⓜ আয়-ব্যয়ের আর্থিক প্রকাশ
ⓝ আয়-ব্যয়ের সংখ্যাত্মক প্রকাশ

৩৭. পরিচালকমণ্ডলীর বছরের শেষ সভায় প্রয়োজনীয় নিয়ন্ত্রণ ব্যবস্থা আরোপে নিচের কোনটি উত্তম নিয়ন্ত্রণ পদ্ধতি?
ⓚ পার্ট
ⓛ বিনিয়োগের ওপর প্রাপ্তি বিশ্লেষণ
ⓜ আর্থিক বিবরণী বিশ্লেষণ
ⓝ বিশেষ প্রতিবেদন বিশ্লেষণ

৩৮. PERT-এর বৈশিষ্ট্য হলো—
i. এক্ষেত্রে কাজসমূহের আন্তঃসম্পর্ক নিরূপিত হয়
ii. কোন কাজ কখন শুরু ও শেষ হবে তার উল্লেখ থাকে
iii. এটি একত্রে পরিকল্পনা ও নিয়ন্ত্রণ উন্নয়নের আধুনিক পদ্ধতি
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও।
লাভজনক একটা কোম্পানির বার্ষিক সাধারণ সভার পূর্বে বোর্ড মিটিং হবে। ব্যবস্থাপনা পরিচালক হিসাব কর্মকর্তাকে প্রয়োজনীয় বিচ্যুতি নিরূপণপূর্বক সংশ্লিষ্ট তথ্যসমূহ উপস্থাপনের নির্দেশ দিলেন।

৩৯. চিফ একাউন্টেন্ট এক্ষেত্রে নিয়ন্ত্রণের কোন উপায়টি ব্যবহার করবেন?
ⓚ সমচ্ছেদ বিন্দু বিশ্লেষণ
ⓛ বিনিয়োগের ওপর প্রাপ্তি বিশ্লেষণ
ⓜ আর্থিক বিবরণী বিশ্লেষণ
ⓝ বিশেষ প্রতিবেদন বিশ্লেষণ

৪০. মুখ্য হিসাব কর্মকর্তা ব্যবস্থাপনা পরিচালককে বার্ষিক সাধারণ সভার জন্য যে তথ্য দিতে পারেন তা হলো—
i. বিনিয়োগের ওপর প্রাপ্তি বৃদ্ধির হার
ii. মুনাফা বৃদ্ধির হার
iii. লভ্যাংশ কোন হারে দেয়া যেতে পারে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓛ i ও iii ⓜ ii ও iii ⓝ i, ii ও iii

http://teachingbd.com